

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৯৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
'ব্লুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের উচ্চক্ষমতাসম্পন্ন কারিগরি কমিটি' নিম্নরূপে গঠন
করেছে:

১.১। কমিটির গঠন :

(১) মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সভাপতি
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪) সচিব, অর্থ বিভাগ	সদস্য
(৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
(৬) সচিব, বিদ্যুৎ বিভাগ	সদস্য
(৭) সচিব, রেলপথ মন্ত্রণালয়	সদস্য
(৮) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৯) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(১০) সচিব, পরিকল্পনা বিভাগ	সদস্য

(১৭৪৪১)

মূল্য : টাকা ৮.০০

(১১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(১২)	সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	সদস্য
(১৩)	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(১৪)	সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়	সদস্য
(১৫)	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
(১৬)	সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
(১৭)	প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)	সদস্য
(১৮)	উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(১৯)	উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
(২০)	কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অফ সায়েন্স এন্ড টেকনোলজি (MIST)	সদস্য
(২১)	চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	সদস্য
(২২)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(২৩)	প্রধান সমন্বয়ক, পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা সেল	সদস্য
(২৪)	ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক	সদস্য
(২৫)	ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি	সদস্য
(২৬)	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(২৭)	প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প	সদস্য
(২৮)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব।

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। কমিটির কার্যপরিধি :

- (১) প্রয়োজনীয় জনবল চিহ্নিত করে প্রকল্পের প্রাক-বাস্তবায়ন ও বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পের প্রশাসনিক অবয়ব (organizational structure) প্রণয়ন এবং প্রাক-বাস্তবায়ন ও বাস্তবায়ন পর্যায়ের কার্যাবলি যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও দিকনির্দেশনা প্রদান;
- (২) প্রকল্পের বাস্তবায়নকাল, বাস্তবায়ন পদ্ধতি, প্রযুক্তি হস্তান্তর এবং প্রযুক্তি আত্মশুকরণ পদ্ধতি নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিকনির্দেশনা প্রদান;

- (৩) প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিত করার লক্ষ্যে অর্থায়নের উৎসসমূহ চিহ্নিতকরণ, অর্থায়নের পদ্ধতি নির্ধারণ এবং পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের অর্থায়নের ক্ষেত্রে সম্ভাব্য আর্থিক ও বাণিজ্যিক সীমাবদ্ধতা/ ঝুঁকিসমূহ (risks) চিহ্নিতকরণ এবং তা দূরীকরণে সরকারের সম্ভাব্য ভূমিকা নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিকনির্দেশনা প্রদান;
- (৪) সম্ভাব্য প্রযুক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান/ দেশের সঙ্গে যোগাযোগ স্থাপনের মাধ্যমে প্রকল্পের জন্য উপযুক্ত প্রযুক্তি নির্বাচন, প্রযুক্তি হস্তান্তর ও অর্থায়ন সংবলিত পূর্ণাঙ্গ প্রস্তাব প্রণয়নের উদ্যোগ গ্রহণ এবং প্রস্তাবনাটি প্রকল্পের মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করার প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ;
- (৫) প্রকল্পের প্রাক-বাস্তবায়ন ও বাস্তবায়নকালীন বিভিন্ন পর্যায় ও ধাপে আন্তর্জাতিকভাবে প্রযোজ্য যে সকল codes, guides ও standards অনুসরণ করা প্রয়োজন সেগুলো চিহ্নিতকরণ এবং সেগুলো নিশ্চিতভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিকনির্দেশনা প্রদান;
- (৬) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সাইট নির্বাচন, নির্মিতব্য কেন্দ্রের নকশা ও কারিগরি বিষয়াদি পুনঃনিরীক্ষণ (review), নির্মাণ, পরিচালনা, বর্জ্য ব্যবস্থাপনাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনা সংশ্লিষ্ট বিভিন্ন কার্যাবলি তদারকি এবং পারমাণবিক নিরাপত্তা ও তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণের উপযোগী আইন প্রণয়নসহ একটি স্বতন্ত্র নিউক্লিয়ার রেগুলেটরি বডি (Independent Nuclear Regulatory Body) প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিকনির্দেশনা প্রদান;
- (৭) প্রকল্প বাস্তবায়নে সকল আন্তর্জাতিক মানদণ্ড (International Legal Instruments) পূরণের আবশ্যিকীয়তা চিহ্নিতকরণে উদ্যোগ গ্রহণ ও পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ;
- (৮) সুষ্ঠু ও নিরাপদে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়নের পন্থা/ পদ্ধতি নির্ধারণ ও কার্যক্রম গ্রহণে উদ্যোগ গ্রহণ;
- (৯) পারমাণবিক পদার্থ বিজ্ঞান (Nuclear Physics)-এর বিভিন্ন ক্ষেত্রে এবং পারমাণবিক প্রযুক্তি বিষয়ক গবেষণা পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; এবং
- (১০) প্রকল্প বাস্তবায়নে যে সকল দেশজ সম্পদ, প্রযুক্তি ও অবকাঠামো ব্যবহার করা সম্ভব তা যথাযথভাবে চিহ্নিতকরণ এবং আন্তর্জাতিকভাবে প্রচলিত গুণগতমান বজায় রেখে দেশজ সকল সম্পদ, প্রযুক্তি ও অবকাঠামোর সর্বাধিক ব্যবহার নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

- ১.৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
 - ১.৫। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
 - ১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২২ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ০২-২২৬৬৪১০০৯

e-mail: js_economic@cabinet.gov.bd